গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর
খাগড়াছড়ি সদর,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
**email-ucf.kgr.sadar@dgfood.gov.bd**

স্মারক নং- ১৩.০১.৪৬৪৯.০০২.৫৭.০০১.২৪. ৫৫ তারিখ- ১৬/০২/২০২৫খ্রিঃ।

# উপজেলা খাদ্যবান্ধব কমিটি'র সভার কার্যবিবরণী ঃ

- সভাপতি ঃ সুজন চন্দ্র রায়
  উপজেলা নির্বাহী অফিসার
  খাগড়াছড়ি সদর,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- তারিখ ও সময় ঃ ১৬-০২-২০২৫খ্রিঃ, সকাল-১১.০০টা।
- স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসার এর অফিস কক্ষ, খাগড়াছড়ি সদর,খাগড়াছড়ি পার্বত্য জেলা।

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরের তালিকা (পরিশিষ্ট-"ক")

সভাপতি সভায় উপস্থিত কমিটি'র সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং সদস্য সচিব তথা উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, খাগড়াছড়ি সদর-কে আলোচ্য বিষয় উপস্থাপন করার জন্য অনুরোধ জানান। অতপর সদস্য সচিব নিম্নরুপ আলোচ্য বিষয় উপস্থাপন করেন এবং উহার উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪ অনুসারে খাগড়াছড়ি সদর উপজেলাধীন খাগড়াছড়ি সদর, গোলাবাড়ি, কমলছড়ি,পেরাছড়া ও ভাইবোনছড়া ইউনিয়নের জন্য প্রতি ইউনিয়নে ১(এক)জন করে মোট ৫(পাঁচ) জন খাদ্যবান্ধব ডিলার নিয়োগ প্রদান প্রসঙ্গে ঃ | ০৫ আগস্ট'২০২৪ সরকার পরিবর্তনের পর খাগড়াছড়ি সদর উপজেলার ৫টি ইউনিয়নে নিয়োজিত খাদ্যবান্ধব ডিলারগণের মধ্যে ৪টি ইউনিয়নের ডিলারগণ পদত্যাগ করায় এবং ১টি ইউনিয়নের ডিলার পলাতক থাকায় খাদ্য মন্ত্রণালয়,সরবরাহ শাখা-১,বাংলাদেশ সচিবালয়, ঢাকার ১৯ আগস্ট'২০২৪খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০. ০৪৬. ৫১.০০১. ১৭.১৫৫ নং স্মারকের আলোকে খাগড়াছড়ি সদর উপজেলার ৫টি ইউনিয়নে ১জন করে মোট ৫জন খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার নিয়োগ প্রদানপূর্বক সেপ্টেম্বর-নভেম্বর'২০২৪ সময়ের জন্য খাদ্যবান্ধব কর্মসূচির চাল বিক্রয়/বিতরণ কার্যক্রম পরিচালনা করা হয়েছিল।<br>পরবর্তীতে খাদ্য মন্ত্রণালয়,সরবরাহ শাখা-১,বাংলাদেশ সচিবালয়, ঢাকার ১৪ অক্টোবর'২০২৪খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬. ০০১.২০.২০৬নং স্মারকে খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪ জারী করা হয়েছে। খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪ অনুসারে ডিলার নিয়োগ করে নিয়োগপ্রাপ্ত ডিলারগণের মাধ্যমে একযোগে মার্চ-এপ্রিল' ২০২৫ মাস থেকে কার্যক্রম শুরু করার জন্য খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ শাখা-১,বাংলাদেশ সচিবালয়,ঢাকার ১৪ অক্টোবর'২০২৪খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৭নং স্মারকে জারীকৃত পরিপত্র নির্দেশনা দেওয়া আছে। কিন্তু ডিলার নিয়োগের উপর দেশের বিভিন্ন জেলায় মামলা ও রিট হওয়াসহ নানাবিধ কারণে খাগড়ছড়ি সদর উপজেলায় খাদ্যবান্ধব কর্মসূচি ডিলার নিয়োগ প্রক্রিয়া গ্রহণ করা হয়নি। গত জানুয়ারি'২০২৫ মাসে খাদ্য অধিদপ্তরের মাসিক সমন্বয় সভায় (কার্য বিবরণীর অনুচ্ছেদ নং-৫(খ)) সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, যে সকল জেলা বা উপজেলায় খাদ্যবান্ধব ডিলার নিয়োগে মামলা হয়েছে সে সকল সকল এলাকায় আদালতের সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া অন্যান্য এলাকায় ডিলার নিয়োগ চলমান থাকবে। তৎমোতাবেক খাগড়াছড়ি সদর উপজেলায় মামলা না থাকায় খাদ্যবান্ধব কর্মসূচি ডিলার নিয়োগ দেওয়া করা যেতে পারে। তাছাড়া,গোলাবাড়ী ইউনিয়নে নিয়োগপ্রাপ্ত ও কার্যরত ডিলার জনাব মোঃ রফিকুল ইসলাম ০৩/২/২০২৫খ্রি: তারিখে তার ডিলারশীপ প্রত্যাহারের জন্য আবেদন করেছেন এবং তার পক্ষে ডিলারশীপ পরিচালনা করা সম্ভব হচ্ছে না মর্মে জানিয়েছেন।<br>খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪ এর ৫.২(থ) অনুচ্ছেদ ও খাদ্য মন্ত্রণালয়,সরবরাহ শাখা-১,বাংলাদেশ সচিবালয়,ঢাকার ১৪ অক্টোবর'২০২৪খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৭ নং স্মারকে জারীকৃত পরিপত্রের অনুচ্ছেদ নং-(X) এর নির্দেশনা দেওয়া | ক) খাগড়াছড়ি সদর,কমলছড়ি,পেরাছড়া ও ভাইবোনছড়া ৪টি ইউনিয়নে কার্যরত ডিলারগণের ডিলারশীপ পরিচালনা কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হওয়ায় খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪ এর ৫.২(থ) অনুচ্ছেদ ও খাদ্য মন্ত্রণালয়,সরবরাহ শাখা-১, বাংলাদেশ সচিবালয়,ঢাকার ১৪ অক্টোবর'২০২৪খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০. ০৪৬.৩৬.০০১.২০.২০৭ নং স্মারকে জারীকৃত পরিপত্রের অনুচ্ছেদ নং-(X) মোতাবেক উক্ত ইউনিয়নের ডিলারগণকে খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪ এর আওতায় পূনঃ নিয়োগ জন্য জেলা কমিটির নিকট সুপারিশ প্রদান করা।<br>খ) আগামী ১৯/২/২০২৫খ্রি: তারিখের মধ্যে গোলাবাড়ী ইউনিয়নের জন্য জিরো মাইল বিক্রয় কেন্দ্র হিসেবে ১(এক)জন খাদ্যবান্ধব ডিলার নিয়োগের জন্য স্থানীয় দৈনিক সবুজ দেশ পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, খাগড়াছড়ি সদর। |

(চলমান পাতা-দুই)

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | হয়েছে যে, খাদ্য মন্ত্রণালয়,সরবরাহ শাখা-১,বাংলাদেশ সচিবালয়,ঢাকার ১৯ আগস্ট'২০২৪খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৫১. ০০১.১৭.১৫৫ নং স্মারকের নির্দেশনার আলোকে নিয়োগকৃত ডিলারগণের কার্যক্রম সন্তোষজনক হলে এবং ডিলার হিসেবে নিয়োগে কমিটি কর্তৃক উপযুক্ত বিবেচিত হলে কমিটির সুপারিশ মোতাবেক তাদেও পুনরায় নিয়োগ করা যাবে।<br>সার্বিক বিষয় আলোচনা ও পর্যালোচনায় ০৫ আগস্ট'২০২৪ সরকার পট পরিবর্তনের পর খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ শাখা-১,বাংলাদেশ সচিবালয়, ঢাকার ১৯ আগস্ট'২০২৪খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০. ০৪৬. ৫১.০০১. ১৭.১৫৫ নং স্মারকের আলোকে খাগড়াছড়ি সদর উপজেলার ৫টি ইউনিয়নে ১জন করে মোট ৫জন নিয়োগপ্রাপ্ত ডিলাগণের মধ্যে বর্তমানে গোলাবাড়ী ইউনিয়নের ডিলার পদত্যাগ করলেও অপর ৪টি ইউনিয়নের ডিলারগণ ডিলারশীপ পরিচালনা করতে আগ্রহী এবং তাদের ডিলারশীপ পরিচালনা কার্যক্রম সন্তোষজনক। বর্তমান প্রেক্ষাপটে খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪ এবং খাদ্য মন্ত্রণালয়,সরবরাহ শাখা-১,বাংলাদেশ সচিবালয়,ঢাকার ১৪ অক্টোবর'২০২৪খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৭ নং স্মারকে জারীকৃত পরিপত্রের আলোকে উপজেলাধীন সকল ইউনিয়নে ডিলার নিয়োগ করতে গেলে নানা রকম অন্তরায়সহ জটিলতা সৃষ্টি হওয়ার আশংকা রয়েছে। তাছাড়া, খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪ এর ৫.২(থ) অনুচ্ছেদ ও খাদ্য মন্ত্রণালয়,সরবরাহ শাখা-১,বাংলাদেশ সচিবালয়,ঢাকার ১৪ অক্টোবর'২০২৪খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৭ নং স্মারকে জারীকৃত পরিপত্রের অনুচ্ছেদ নং-(x) এর নির্দেশনার আলোকে খাগড়াছড়ি সদর,কমলছড়ি,পেরাছড়া ও ভাইবোনছড়া ৪টি ইউনিয়নে নিয়োগপ্রাপ্ত ডিলারগণের ডিলারশীপ পরিচালনা কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হওয়ায় উক্ত ইউনিয়নের ডিলারগণকে খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪ এর আওতায় পুন: নিয়োগ প্রদান করার এবং গোলাবাড়ী ইউনিয়নের ডিলার পদত্যাগ করায় শুধু উক্ত ইউনিয়নের জন্য ১(এক)জন খাদ্যবান্ধব ডিলার নিয়োগের জন্য বিজ্ঞপ্তি জারীকরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে একমত পোষণ করা হয়। | করাসহ উপজেলা পরিষদ ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তরের নোটিশ বোর্ডে;ওয়েব পোর্টালে প্রকাশ করা; নির্ধারিত আবেদন ফরম আগামী ২৩/২/২০২৫খ্রিঃ ও ২৪/২/২০২৫খ্রিঃ অফিস চলাকালীন সময় সরবরাহ করা এবং আবেদনপত্র আগামী ২৫/২/২০২৫খ্রিঃ তারিখ সকাল ১০.০০টাহতে বিকাল-২.০০টা পর্যন্ত উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, খাগড়াছড়ি সদর দপ্তরে স্থাপিত বাক্সে গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।

16.02.25

সুজন চন্দ্র রায়
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
খাগড়াছড়ি সদর,খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নং- ১৩.০১.৪৬৪৯.০০২.৫৭.০০১.২৪. ৫৫ — তারিখ- ১৬/০২/২০২৫খ্রিঃ।

বিতরণ ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ

০১। জেলা প্রশাসক,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৪। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, খাগড়াছড়ি সদর,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৫। উপজেলা কৃষি কর্মকর্তা ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, খাগড়াছড়ি সদর,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৬। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, খাগড়াছড়ি সদর,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৭। উপজেলা শিক্ষা কর্মকর্তা ও সদস্য,উপজেলা খাদ্যবান্ধব কমিটি, খাগড়াছড়ি সদর,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৭। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, খাগড়াছড়ি সদর,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৮। সভাপতি, প্রেস ক্লাব,খাগড়াছড়ি ও সদস্য,উপজেলা খাদ্যবান্ধব কমিটি, খাগড়াছড়ি সদর,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৯-১৩। চেয়ারম্যান, খাগড়াছড়ি সদর/গোলাবাড়ি/কমলছড়ি/পেরাছড়া/ভাইবোনছড়া ইউনিয়ন পরিষদ, খাগড়াছড়ি সদর।

16/2/25

(আদুই রঞ্জন তনচংগ্যা)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও সদস্য সচিব
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
খাগড়াছড়ি সদর,খাগড়াছড়ি পার্বত্য জেলা।